## মঞ্জুরি নং-১৬

# ১১৮-পররাষ্ট্র মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ১৬১০,০০,০০ | ১৬৯০,৫০,০০ | ১৭৭৫,০৩,০০ |
| উন্নয়ন ব্যয় | ২৩৪,৪৩,০০ | ২৪৬,১৫,০০ | ২৫৮,৪৬,০০ |
| **মোট** | **১৮৪৪,৪৩,০০** | **১৯৩৬,৬৫,০০** | **২০৩৩,৪৯,০০** |
| | | | |
| আবর্তক | ১৫২৮,২৮,৬৪ | ১৬৪৮,৩৫,১৬ | ১৭৩৬,৫৬,২৭ |
| মূলধন | ৩১৫,৯৯,৩৬ | ২৮৮,১৪,০৯ | ২৯৬,৭৬,২০ |
| আর্থিক সম্পদ | ১৫,০০ | ১৫,৭৫ | ১৬,৫৩ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **১৮৪৪,৪৩,০০** | **১৯৩৬,৬৫,০০** | **২০৩৩,৪৯,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

কার্যকর কূটনৈতিক প্রয়াসের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে পারস্পরিক সমতার ভিত্তিতে জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নতকরণ

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. প্রতিবেশী দেশসহ অন্যান্য দেশের সাথে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট কূটনৈতিক সুসম্পর্ক বজায় রাখা;

১.২.২. জাতিসংঘসহ আন্তর্জাতিক, আঞ্চলিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ, আলোচনা, চুক্তিসম্পাদন ও সমন্বয়সাধন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে শান্তি, নিরাপত্তা ও উন্নয়নের লক্ষ্যে উপযুক্ত ভূমিকা পালন;

১.২.৩. বিদেশস্থ বাংলাদেশি মিশনসমূহের সার্বিক ব্যবস্থাপনা এবং অভিবাসী বাংলাদেশি নাগরিকদের কনস্যুলার ও কল্যাণ সেবাসহ বিবিধ সহযোগিতা প্রদান এবং দেশে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগের সাথে বৈদেশিক সম্পর্ক সংক্রান্ত সমন্বয় সাধন;

১.২.৪. বাংলাদেশের ভূ-সীমানা এবং সমুদ্রসীমা ও মহীসোপান সংক্রান্ত বিষয়ে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের কার্যাবলির সমন্বয় ও সমাধান;

১.২.৫. মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বৈদেশিক সফরসহ বাংলাদেশে আগত বিদেশি রাষ্ট্র ও সরকার প্রধানগণের সফর ব্যবস্থাপনাসহ অন্যান্য রাষ্ট্রাচার পালন এবং বাংলাদেশে অবস্থানরত বিদেশি কূটনৈতিক ও কনস্যুলার প্রতিনিধিদের প্রটোকল সংক্রান্ত কার্যাব**লি** সম্পাদন;

১.২.৬. বাংলাদেশে অবস্থানরত জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের নিরাপদ প্রত্যাবাসনের ব্যবস্থা গ্রহণ এবং জলবায়ু পরিবর্তন, আন্তর্জাতিক অভিবাসন ও সার্বিক অপ্রথাগত (non-traditional) জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন সমসাময়িক বৈশ্বিক/আঞ্চলিক ইস্যুতে বাংলাদেশের স্বার্থ বজায় রেখে গঠনমূলক অবস্থান নিশ্চিতকরণ;

১.২.৭. আন্তর্জাতিক পরিমণ্ডলে একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও প্রগতিশীল রাষ্ট্র হিসেবে বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে কার্যকর জনকূটনীতি পরিচালন; এবং

১.২.৮. বিদেশে সাংস্কৃতিক, অর্থনৈতিক, কারিগরি, বাণিজ্য, শিক্ষা, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে বাংলাদেশের নাগরিকদের স্বার্থ সংরক্ষণ ও উন্নয়ন এবং বাংলাদেশের প্রবাসী নাগরিকদের কল্যাণ নিশ্চিতকরণ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সকল রাষ্ট্রের সঙ্গে সমমর্যাদা, ন্যায্যতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ এবং ভারসাম্যপূর্ণ ও আত্মমর্যাদাশীল বৈশ্বিক অবস্থান অনুসরণ | • মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর এবং বিদেশি সরকার ও রাষ্ট্রপ্রধানগণের বাংলাদেশ সফরের আয়োজন<br>• দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে মন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠকসমূহ আয়োজন এবং উচ্চ-পর্যায়ে সংলাপে কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ<br>• পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাসসমূহে জনবল ব্যবস্থাপনা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য বাড়তি নিয়োগ, বিদেশে মিশন কার্যক্রম সম্প্রসারণ এবং প্রবাসীদের কল্যাণের জন্য দূতাবাসসমূহের সক্ষমতা ও তৎপরতা বর্ধিতকরণ | • সচিবালয়<br>• সংশ্লিষ্ট মিশনসমূহ |
| | • সমতা, ন্যায্যতা, পারস্পরিক স্বার্থের স্বীকৃতি এবং আন্তর্জাতিক বিধি-বিধান অনুসারে দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক সম্পাদন<br>• দ্বিপাক্ষিক সংলাপ ও উচ্চ-পর্যায়ের ফোরামসমূহ আয়োজন এবং সেগুলোতে গঠনমূলক ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ<br>• মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রী/সচিবগণের সাথে বিদেশি রাষ্ট্রদূত ও উচ্চ-প্রতিনিধি দলের দ্বিপাক্ষিক আলোচনা, সাক্ষাৎ এবং ফোনালাপের আয়োজন। | • সচিবালয়<br>• সংশ্লিষ্ট মিশনসমূহ<br>• রাষ্ট্রীয় অতিথি ভবন |
| | • দেশীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণার্থীদের জন্য আন্তর্জাতিক সম্পর্ক ও আধুনিক কূটনীতি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা<br>• কূটনৈতিক দক্ষতা বৃদ্ধিকল্পে বিদেশি ভাষা শিক্ষা, প্রাতিষ্ঠানিক হিসাব ব্যবস্থাপনা এবং তথ্যপ্রযুক্তি সংক্রান্ত মৌলিক কারিগরি প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ। | • ফরেন সার্ভিস একাডেমি |
| ২. **জাতীয় স্বার্থের সুরক্ষা, কৌশলগত অংশীদারিত্ব সুদৃঢ়করণ এবং নিরাপদ ও টেকসই রোহিঙ্গা প্রত্যাবাসনে জোরালো আঞ্চলিক ও আন্তর্জাতিক কূটনৈতিক তৎপরতা পরিচালনা।** | • বহুপাক্ষিক ও আঞ্চলিক ফোরামসমূহে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী মহোদয়গণ এবং রাষ্ট্রীয় প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ; পাশাপাশি বিদেশি উচ্চপদস্থ প্রতিনিধিদলের বাংলাদেশ সফর উদযাপন এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় দলিলাদি ও কৌশলপত্র প্রণয়ন<br>• মুসলিম বিশ্ব, উপসাগরীয় সহযোগিতা পরিষদ (জিসিসি) ভুক্ত দেশসমূহ, সার্ক, আসিয়ান এবং অন্যান্য আঞ্চলিক ও আন্তর্জাতিক প্ল্যাটফর্মের সঙ্গে | • সচিবালয়<br>• সংশ্লিষ্ট মিশনসমূহ |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
| --- | --- | --- |
| ১ | ২ | ৩ |
| | সম্পর্ক ও সহযোগিতা জোরদারকরণ<br>● আন্তর্জাতিক ও আঞ্চলিক সম্মেলন, সেমিনার ও সংলাপে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বৈশ্বিক পর্যায়ে বাংলাদেশের সম্পৃক্ততা ও অবস্থান সুদৃঢ়করণ<br>● জাতীয় স্বার্থ সংরক্ষণে প্রয়োজনীয় কারিগরি নথিপত্র প্রস্তুতকরণ এবং শান্তি, নিরাপত্তা, অর্থনৈতিক সহযোগিতা, খাদ্য নিরাপত্তা, ডিজিটাল রূপান্তর ও সাইবার নিরাপত্তাবিষয়ক কৌশলগত নেগোসিয়েশন পরিচালনা<br>● জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার কার্যক্রম, নির্বাচন এবং রেজল্যুশন প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ ও প্রতিনিধিত্ব নিশ্চিতকরণ<br>● সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাসমূহে বাংলাদেশের নিয়মিত প্রতিবেদন দাখিল নিশ্চিতকরণ এবং এ লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের মধ্যে কার্যকর সমন্বয় সাধন<br>● টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, পারস্পরিক অর্থনৈতিক উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন এবং কৌশলগত অংশীদারিত্ব সম্প্রসারণে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারকরণ<br>● রোহিঙ্গা জনগোষ্ঠীর নিরাপদ, স্বেচ্ছামূলক ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিতকরণে নিরবচ্ছিন্ন কূটনৈতিক প্রচেষ্টা, আন্তর্জাতিক সমর্থন সংহতকরণ এবং অংশীদারিত্বমূলক লবিং অব্যাহত রাখা | |
| ৩. অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য – বিনিয়োগ সম্প্রসারণ এবং সুনীল অর্থনীতির উন্নয়ন | ● স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ পরবর্তী ও সার্বিক অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক-সহ বিভিন্ন আলোচনা, বৈঠক এবং কর্মশালা আয়োজন/অংশগ্রহণ<br>● বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে, বৈদেশিক কর্মসংস্থান তৈরিতে, Ease of Doing Business পরিস্থিতির উন্নয়নে এবং শ্রম পরিবেশ উন্নয়নে বাণিজ্য, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান, ও শ্রম-সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং BIDA, BEZA, BEPZA, BHTPA ইত্যাদি সংস্থার সাথে বিভিন্ন কার্যক্রম গ্রহণ<br>● বিশ্বের বিভিন্ন দেশে শ্রমবাজার সম্প্রসারণ এবং রেমিটেন্স বৃদ্ধির লক্ষ্যে কূটনৈতিক উদ্যোগ গ্রহণ | ● সচিবালয়<br>● সংশ্লিষ্ট মিশনসমূহ |
| | ● ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ আহরণ, সংরক্ষণ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় | ● মেরিটাইম এফেয়ারস ইউনিট |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | সমন্বয় সাধন | |
| ৪. জনকূটনীতি ও রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলিতে উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন এবং কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ | • দেশে ও বিদেশে কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন, কূটনৈতিক প্রতিনিধিত্ব সম্প্রসারণ এবং জনকূটনীতি ও রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলিতে উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন এবং কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ<br>• বাংলাদেশের আকাশসীমা ব্যবহার করে উড্ডয়ন/অবতরণের জন্য বিশেষ (চার্টার্ড)-সহ ফ্লাইটসমূহের কূটনৈতিক ছাড়পত্র প্রদান এবং আন্তর্জাতিক যোগাযোগে প্রয়োজনীয় সহায়তা প্রদান<br>• বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহকে কূটনৈতিক প্রাধিকার ও সুবিধা প্রদান এবং সফট পাওয়ার কূটনীতি ও পারস্পরিক সৌহার্দ্য জোরদারকরণ<br>• রাষ্ট্রীয়, বিদেশি ও অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ এবং কূটনীতিবিদদের সম্মানে রাষ্ট্রীয় অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে কূটনৈতিক সৌহার্দ্য ও সম্পর্ক উন্নয়ন<br>• ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও অবস্থান উপস্থাপন, প্রেস রিলিজ প্রেরণ এবং বাংলাদেশের ভাবমূর্তি সুদৃঢ়করণ<br>• শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, গবেষণা ও বিনিময়ধর্মী কার্যক্রমের মাধ্যমে পিপল-টু-পিপল ডিপ্লোম্যাসি, সাংস্কৃতিক সম্পৃক্ততা এবং আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের সফট পাওয়ার সম্প্রসারণ | • সচিবালয়<br>• সংশ্লিষ্ট মিশনসমূহ |
| ৫. কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান সহজীকরণ এবং উৎকর্ষ সাধন | • বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ<br>• ডকুমেন্ট সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/সার্ক স্টিকার ইস্যুকরণ এবং অন্যান্য কনসুলার সেবা প্রদান<br>• বিদেশে আটক/আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের প্রত্যাবাসন, দুঃস্থ প্রবাসী বাংলাদেশিদের নগদ অর্থ, মানবিক সহায়তা ও ত্রাণ সহায়তা প্রদান, আইনি সহায়তা প্রদান, মৃতদেহ প্রত্যাবর্তন | • সচিবালয়<br>• সংশ্লিষ্ট মিশনসমূহ |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের ওপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

**৩.১.১ সকল রাষ্ট্রের সঙ্গে সমমর্যাদা, ন্যায্যতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ এবং ভারসাম্যপূর্ণ ও আত্মমর্যাদাশীল বৈশ্বিক অবস্থান অনুসরণ**

**দারিদ্র্য দূরীকরণের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**৩.১.২ জাতীয় স্বার্থের সুরক্ষা, কৌশলগত অংশীদারিত্ব সুদৃঢ়করণ এবং নিরাপদ ও টেকসই রোহিঙ্গা প্রত্যাবাসনে জোরালো আঞ্চলিক ও আন্তর্জাতিক কূটনৈতিক তৎপরতা পরিচালনা**

**দারিদ্র্য দূরীকরণের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**৩.১.৩ অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য এবং বিনিয়োগ সম্প্রসারণ, সুনীল অর্থনীতির উন্নয়ন, বৈদেশিক কর্মসংস্থান সম্প্রসারণ ইত্যাদি**

**দারিদ্র্য দূরীকরণের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই

**৩.১.৪ জনকূটনীতি ও রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলিতে উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন এবং কূটনৈতিক সৌহার্য বৃদ্ধিকরণ**

**দারিদ্র্য দূরীকরণের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই

**৩.১.৫ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান সহজীকরণ এবং উৎকর্ষ সাধন**

**দারিদ্র্য দূরীকরণের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই

### ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৭৭৬,০১,২৭ | ৭২৫,৬৮,৬৩ | ৭২৫,৬৮,৬৩ |
| নারী উন্নয়ন | ২১৪,৫৯,৬৭ | ২৪০,৯৪,৭৯ | ২৪০,৯৪,৭৯ |

### ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **আন্তর্জাতিক অঙ্গনে জাতীয় স্বার্থ সংরক্ষণ:** দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক জোরদার করা, রাষ্ট্রীয় সফর আয়োজন, বৈশ্বিক ও আঞ্চলিক ফোরামে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে দেশের সার্বভৌম স্বার্থ, প্রবাসী বাংলাদেশিদের অধিকার ও মর্যাদা এবং ন্যায্য আন্তর্জাতিক অবস্থান সংরক্ষণ করা ও পারস্পরিক সম্মানের ভিত্তিতে সকল দেশের সাথে | • সকল রাষ্ট্রের সঙ্গে সমমর্যাদা, ন্যায্যতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ এবং ভারসাম্যপূর্ণ ও আত্মমর্যাদাশীল বৈশ্বিক অবস্থান অনুসরণ।<br>• জনকূটনীতি ও রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলিতে |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হবে। | উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন এবং কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ |
| ২. **আন্তর্জাতিক সংস্থা/ফোরামে চেয়ার হিসাবে বৈঠক আয়োজন:** আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের গ্রহণযোগ্যতার স্বীকৃতিস্বরূপ জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার বিভিন্ন ফোরামে বাংলাদেশ চেয়ার নির্বাচিত করা, চেয়ার হিসাবে শীর্ষ সম্মেলনসহ মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন করার মাধ্যমে অভিবাসন, জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন ইস্যুতে বাংলাদেশ তার অবস্থান জোরালো করবে। | • **জাতীয় স্বার্থের সুরক্ষা, কৌশলগত অংশীদারিত্ব সুদৃঢ়করণ এবং নিরাপদ ও টেকসই রোহিঙ্গা প্রত্যাবাসনে জোরালো আঞ্চলিক ও আন্তর্জাতিক কূটনৈতিক তৎপরতা পরিচালনা।** |
| ৩. **অর্থনৈতিক কূটনৈতিক প্রয়াসের মাধ্যমে পণ্যবাজার বহুমুখীকরণ, বিনিয়োগ আকর্ষণ, এবং শ্রমবাজার সম্প্রসারণ: পণ্যবাজার বহুমুখীকরণ, বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ, প্রযুক্তি স্থানান্তর, শিল্পে মূল্য সংযোজন বৃদ্ধি এবং শ্রমবাজার সম্প্রসারণকে অগ্রাধিকার প্রদান করে নতুন বাজার অনুসন্ধান, বিদ্যমান বাজার সুসংহতকরণ, আন্তর্জাতিক অর্থনৈতিক সংস্থা ও আঞ্চলিক প্ল্যাটফর্মসমূহের সঙ্গে অর্থনৈতিক সম্পৃক্ততা বৃদ্ধি, প্রেফারেনশিয়াল বাণিজ্য সুবিধা অর্জন, বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ আকর্ষণ, শ্রম ও অভিবাসন কূটনীতি জোরদারকরণ, এবং দক্ষিণ আমেরিকা ও আফ্রিকাসহ সম্ভাবনাময় অঞ্চলের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক সম্প্রসারণে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।** | • অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য - বিনিয়োগ সম্প্রসারণ এবং সুনীল অর্থনীতির উন্নয়ন |
| ৪. **সুনীল অর্থনীতি উন্নয়ন:** সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা ও 'সুনীল অর্থনীতি উন্নয়ন কর্মপরিকল্পনা' বাস্তবায়ন পররাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যতম অগ্রাধিকার খাত। | • অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য - বিনিয়োগ সম্প্রসারণ এবং সুনীল অর্থনীতির উন্নয়ন |
| ৫. **উন্নত কনস্যুলার সেবা প্রদান:** বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রবাসী বাংলাদেশিদের সহজ, দ্রুত, কার্যকর ও মানসম্পন্ন কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদানকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান, প্রবাসী বাংলাদেশিগণের দোরগোড়ায় যাবতীয় সেবা পৌঁছে দিতে মিশনসমূহের জনবল, ব্যবস্থাপনা, দক্ষতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। | • কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান সহজীকরণ এবং উৎকর্ষ সাধন |
| ৬. **কূটনৈতিক কার্যক্রম সম্প্রসারণ:** পরিবর্তিত বৈশ্বিক ও আঞ্চলিক প্রেক্ষাপটে জাতীয় স্বার্থ, অর্থনৈতিক কূটনীতি ও প্রবাসী কল্যাণকে অগ্রাধিকার দিয়ে আধুনিক কূটনৈতিক ও কনস্যুলার সেবা জোরদারকরণ, বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে সম্ভাবনাময় দেশে পর্যায়ক্রমে নতুন মিশন/দূতাবাস স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। | • সকল রাষ্ট্রের সঙ্গে সমমর্যাদা, ন্যায্যতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ এবং ভারসাম্যপূর্ণ ও আত্মমর্যাদাশীল বৈশ্বিক অবস্থান অনুসরণ।<br>• অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য - বিনিয়োগ সম্প্রসারণ এবং সুনীল অর্থনীতির উন্নয়ন |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয় | ৬৯০,৭০,০০ | ৭৫৬,৮২,৬১ | ৭৮৪,৭৪,৮৭ | ৭৯৭,৬৬,০০ | ৮৩৭,৫৪,০০ |
| দূতাবাসসমূহ | ৫৯৬,৬২,০০ | ৫৯৩,৫৮,২৭ | ৬২১,৪৩,৮০ | ৬৬৯,৩২,২৩ | ৭০২,৭৯,৮৯ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| হাইকমিশনসমূহ | ২০৫,৬৫,০০ | ২০২,৩৭,৮২ | ২০৭,২৩,০৭ | ২২১,১৩,১২ | ২৩২,১৮,৭৭ |
| উপ-হাইকমিশনসমূহ | ৪৫,২৭,০০ | ৪৪,৮৩,৩৫ | ৪৫,৭৮,৮৫ | ৪৯,৫১,৬৪ | ৫১,৯৯,২২ |
| সহকারি হাইকমিশনসমূহ | ১৭,৪৯,০০ | ১৬,২৯,৮০ | ১৭,০৪,২৬ | ১৭,৮৯,৪৭ | ১৮,৭৮,৯৫ |
| কনসুলার অফিসসমূহ | ১৪৮,২৭,০০ | ১৫০,০৬,০৭ | ১৬৮,১৮,১৫ | ১৮১,১২,৫৪ | ১৯০,১৮,১৭ |
| **সর্বমোট :** | **১৭০৪,০০,০০** | **১৭৬৩,৯৭,৯২** | **১৮৪৪,৪৩,০০** | **১৯৩৬,৬৫,০০** | **২০৩৩,৪৯,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৬১১,৫৮,৭০ | ৬২৪,৮৪,৪০ | ৬৪৯,৯৫,৮৩ | ৭০৭,৩৯,০৭ | ৭৪২,৫২,৬১ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৫২২,৪৩,৪০ | ৪৮৩,৮৯,০২ | ৫৬০,৬৯,৪৪ | ৫৯১,৪৫,৫৪ | ৬২১,০৪,৪৪ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১২,৩৬,৬৬ | ৪৭,৬৮,৮৬ | ১০,৩০,৪৩ | ১০,৫১,৩৮ | ১১,০৭,৮৬ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ২,৮৫,০০ | ৩,১৫,০০ | ২,৮৫,০০ | ২,৯৯,২৫ | ৩,১৪,২০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ২০,৫৩,৭৫ | ১৮,২৮,৫৫ | ১৭,২৬,১৫ | ১৮,৬৩,৩৩ | ১৯,৫৯,৪৩ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১৩৯,০০,৫০ | ১৩২,২৪,৯৬ | ১৩১,৩৩,৫০ | ১৪৮,১৬,৫৪ | ১৫৫,৬০,৫৮ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৭,১৯,৯০ | ৭,৪০,২৫ | ৭,০৬,৩২ | ৭,৪৩,৯২ | ৭,৮১,৮৯ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১২,৮১,৩০ | ১২,৯৪,৮৬ | ১৩,১২,৮০ | ১৪,২৪,৩৮ | ১৪,৯৫,৫৯ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৮৮,২০ | ৮০,৩৫ | ৯২,০৯ | ৯৬,৬৮ | ১,০১,৬২ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৫২,৩২,৮৫ | ৫৪,৮৪,৬০ | ৫৬,৩৫,১১ | ৬২,০২,৫৫ | ৭০,৯৫,৯০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৪৭,৬৬,৪৪ | ৪৭,৯৯,২৫ | ৪৩,৪৪,৪৭ | ৪৭,৭৮,৮৩ | ৫০,২৫,৪২ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৩৩,৩৫,০০ | ২৯,৩৫,০০ | ৩১,৩৫,০০ | ৩২,৯১,৭৫ | ৩৪,৫৬,৩২ |
| ৩৭২১ | নগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ১,০৫,০০ | ১,০৩,০০ | ১,৫৮,০০ | ১,৬৫,৯০ | ১,৭৪,১৮ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৩,৩৮,৫০ | ১,৯৬,৫০ | ১,৯৮,৫০ | ২,০৮,৬৯ | ২,১৮,৪৮ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৭,০০ | ৭,০০ | ৭,০০ | ৭,৩৫ | ৭,৭৫ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১৪৬৭,৫২,২০** | **১৪৬৬,৫১,৬০** | **১৫২৮,২৮,৬৪** | **১৬৪৮,৩৫,১৬** | ১৭৩৬,৫৬,২৭ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ১০০,৪০,১০ | ১৯৩,২৮,৩২ | ১৫৯,৯৫,০৫ | ১১৩,০০,০৫ | ৯৩,০০,০৫ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৫০,৫৯,৭০ | ৪৭,৯৬,০০ | ৫০,১৫,৮১ | ৫৬,৮৮,৪৯ | ৫৯,২৪,৭৬ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ২১,০০ | ২২,০০ | ২০,০০ | ২০,৫৫ | ২১,৬৬ |
| ৪১৪১ | ভূমি | ৮০,০০,০০ | ৫৬,০০,০০ | ৫৭,০১,০১ | ১৫,৭৫,০০ | ১৬,৫৩,৭৩ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৫,২৭,০০ | ০ | ৪৮,৬৭,৪৯ | ১০২,৩০,০০ | ১২৭,৭৬,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২৩৬,৪৭,৮০** | **২৯৭,৪৬,৩২** | **৩১৫,৯৯,৩৬** | **২৮৮,১৪,০৯** | ২৯৬,৭৬,২০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ১৫,০০ | ১৫,৭৫ | ১৬,৫৩ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **১৫,০০** | **১৫,৭৫** | ১৬,৫৩ |
| | **সর্বমোট :** | **১৭০৪,০০,০০** | **১৭৬৩,৯৭,৯২** | **১৮৪৪,৪৩,০০** | **১৯৩৬,৬৫,০০** | ২০৩৩,৪৯,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশক সমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. শীর্ষ সফর | ১,২ | সংখ্যা | ৭ | ১৮ | ২০ | ৮ | ১৫ | ১৬ | ১৭ |
| ২. কনস্যুলার বিষয়ক সত্যায়নের গড় সময় | ৫ | কার্যদিবস | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৩. দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারকের সংখ্যা | ১,২ | সংখ্যা | | | | | ২ | ৩ | ৩ |
| ৪. মন্ত্রী পর্যায়ের বৈঠক ও ফরেন অফিস কনসালটেশন | ১,২ | সংখ্যা | ২৫ | ৩২ | ৩২ | ২৫ | ২৮ | ৩১ | ৩৪ |
| ৫. জনকূটনীতি | | | | | | | | | |
| বিদেশি অতিথিদের সফর আয়োজন | ৪ | সংখ্যা | ১ | ৩ | ৩ | ১ | ৩ | ৪ | ৫ |
| প্রকাশনা | ৪ | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ |
| ৬. বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণ/ বৈদেশিক বিনিয়োগ সংক্রান্ত স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক সংখ্যা | ৩ | সংখ্যা | ৫ | ৩ | ৪ | ৩ | ৬ | ৬ | ৬ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জনঃ** সম্প্রতি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে পররাষ্ট্র মন্ত্রণালয় অত্যন্ত পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করেছে। গণতান্ত্রিক স্বচ্ছতা নিশ্চিতে মন্ত্রণালয় ৩০০ জনেরও বেশি আন্তর্জাতিক পর্যবেক্ষক ও ১৫০ জন বিদেশি সংবাদকর্মীকে কূটনৈতিক ও লজিস্টিক সহায়তা প্রদান করেছে। নবনির্বাচিত সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রতিবেশী ভারত ও পাকিস্তানসহ বিশ্বের ৪৫টি দেশের উচ্চপর্যায়ের প্রতিনিধিদল অংশগ্রহণ করে এবং ১০০টিরও বেশি রাষ্ট্রপ্রধানের অভিনন্দন বার্তা বৈশ্বিক রাজনীতিতে বাংলাদেশের সুদৃঢ় অবস্থানের অনন্য স্বীকৃতি দেয়। কূটনৈতিক পরিধি বিস্তারে নিউজিল্যান্ড ও সিয়েরা লিওনে ২টি নতুন মিশন চালু হয়েছে এবং আরও ৫টি মিশন চালুর প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়া, আঞ্চলিক ও অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণ এবং ৮০টি মিশনে পূর্ণাঙ্গ ই-পাসপোর্ট সেবা চালু এবং শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, গবেষণা ও বিনিময়ধর্মী কর্মকান্ডের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি ও সফট পাওয়ার সুদৃঢ় হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টার বিদেশ সফর এবং বিদেশি সরকার ও রাষ্ট্রপ্রধানগণের বাংলাদেশ সফরের আয়োজন | আয়োজিত সফর | ১ | সংখ্যা | ১৮ | ১৮ | ২০ | ৮ | ৮ | ৮ | ৯ |
| ২. দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে মন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বৈঠকসমূহ আয়োজন এবং উচ্চ-পর্যায়ে সংলাপে কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ | আয়োজিত/ অংশগ্রহণকৃত বৈঠক (ভার্চুয়াল বৈঠকসহ) | ১ | সংখ্যা | ২০ | ২০ | ২০ | ১৫ | ১৬ | ১৮ | ২০ |
| ৩. দ্বিপাক্ষিক সংলাপ ও উচ্চ-পর্যায়ের ফোরামসমূহ আয়োজন এবং সেগুলোতে | খসড়া প্রণয়ন, আলোচনা, স্বাক্ষর, সংশোধন, অনুসমর্থন, নবায়ন | ১ | সংখ্যা | ২০ | ২০ | ২০ | ১৫ | ১৫ | ১৬ | ১৭ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| গঠনমূলক ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ। | | | | | | | | | | |
| ৪. জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার কার্যক্রম, নির্বাচন এবং রেজল্যুশন প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ ও প্রতিনিধিত্ব নিশ্চিতকরণ | অংশগ্রহণকৃত নির্বাচন | ২ | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৪ |
| ৫. রোহিঙ্গা জনগোষ্ঠীর নিরাপদ, স্বেচ্ছামূলক ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিতকরণে নিরবচ্ছিন্ন কূটনৈতিক প্রচেষ্টা, আন্তর্জাতিক সমর্থন সংহতকরণ এবং অংশীদারিত্বমূলক লবিং অব্যাহত রাখা | রোহিঙ্গা প্রত্যাবাসন, ব্যবস্থাপনা ও জবাবদিহিতা বিষয়ে গৃহীত কার্যক্রম | ২ | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ৪ | ৪ | ৪ |
| ৬. বিশ্বের বিভিন্ন দেশে শ্রমবাজার সম্প্রসারণ এবং রেমিটেন্স বৃদ্ধির লক্ষ্যে কূটনৈতিক উদ্যোগ গ্রহণ | বাণিজ্য ও শ্রমবাজার সম্প্রসারণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম | ৩ | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৬ | ৭ |
| ৭. দেশে ও বিদেশে কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন, কূটনৈতিক প্রতিনিধিত্ব সম্প্রসারণ এবং জনকূটনীতি ও রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলিতে উৎকর্ষ অর্জনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উন্নয়ন এবং কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ | নতুন মিশন/ অনারারি কনস্যুলেট স্থাপনের জন্য গৃহীত কার্যক্রম | ৪ | সংখ্যা | ৬২ | ৫০ | ৬৩ | ৬৩ | ৫০ | ৫১ | ৫২ |
| ৮. ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও অবস্থান উপস্থাপন, প্রেস রিলিজ প্রেরণ এবং বাংলাদেশের ভাবমূর্তি সুদৃঢ়করণ | আয়োজিত কূটনৈতিক ব্রিফিং ও প্রেস রিলিজ | ৪ | সংখ্যা | ১০০ | ১১২ | ১০০ | ১০০ | ১০৫ | ১০৫ | ১০৫ |
| ৯. বিদেশে আটক/আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের প্রত্যাবাসন, দুঃস্থ প্রবাসী বাংলাদেশিদের নগদ অর্থ, মানবিক সহায়তা ও ত্রাণ সহায়তা প্রদান, আইনি সহায়তা প্রদান, মৃতদেহ প্রত্যাবর্তন | প্রত্যাবাসনকৃত বাংলাদেশি | ৫ | সংখ্যা | ২৩২ | ১৯৬৯ | - | - | ৩০০ | ৩২০ | ৩৪০ |
| ১০. বিদেশস্থ বাংলাদেশ মিশনে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ এবং অন্যান্য | ই- পাসপোর্ট প্রদান কার্যক্রম | ৫ | সংখ্যা | ২০ | ২২ | ২০ | ১৮ | ৩০ | ১০ | ১০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কনস্যুলার সেবা প্রদান। | | | | | | | | | | |
| ১১. পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাসসমূহে জনবল ব্যবস্থাপনা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য বাড়তি নিয়োগ, বিদেশে মিশন কার্যক্রম সম্প্রসারণ এবং প্রবাসীদের কল্যাণের জন্য দূতাবাসসমূহের সক্ষমতা ও তৎপরতা বর্ধিতকরণ | মিশনে পদায়িত কর্মকর্তাদের সংখ্যার বৃদ্ধির হার | ১ | শতকরা হার | ৫% | ৩% | ৫% | ৪% | ৭% | ৮% | ৯% |
| ১২. সমতা, ন্যায্যতা, পারস্পরিক স্বার্থের স্বীকৃতি এবং আন্তর্জাতিক বিধি-বিধান অনুসারে দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক সম্পাদন | সম্পাদিত চুক্তি ও স্মারক সংখ্যা | ১ | সংখ্যা | ১ | ১ | ২ | ১ | ২ | ২ | ৩ |
| ১৩. মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রী/সচিবগণের সাথে বিদেশি রাষ্ট্রদূত ও উচ্চ-প্রতিনিধি দলের দ্বিপাক্ষিক আলোচনা, সাক্ষাৎ এবং ফোনালাপের আয়োজন। | আলোচনা, সাক্ষাৎ এবং ফোনালাপের সংখ্যা | ১ | সংখ্যা | ১২ | ১৩ | ১৫ | ১৪ | ১৮ | ১৮ | ১৯ |
| ১৪. বহুপাক্ষিক ও আঞ্চলিক ফোরামসমূহে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী মহোদয়গণ এবং রাষ্ট্রীয় প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ; পাশাপাশি বিদেশি উচ্চপদস্থ প্রতিনিধিদলের বাংলাদেশ সফর উদযাপন এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় দলিলাদি ও কৌশলপত্র প্রণয়ন | সফর সংখ্যা | ২ | সংখ্যা | ১০ | ১১ | ১৫ | ৮ | ১৮ | ১৯ | ২০ |
| ১৫. মুসলিম বিশ্ব, উপসাগরীয় সহযোগিতা পরিষদ (জিসিসি) ভুক্ত দেশসমূহ, সার্ক, আসিয়ান এবং অন্যান্য আঞ্চলিক ও আন্তর্জাতিক প্ল্যাটফর্মের সঙ্গে সম্পর্ক ও সহযোগিতা জোরদারকরণ | সফর/সেমিনার/কনফারেন্স সংখ্যা | ২ | সংখ্যা | ১২ | ১০ | ৬ | ৭ | ১৫ | ১৬ | ১৭ |
| ১৬. আন্তর্জাতিক ও আঞ্চলিক সম্মেলন, সেমিনার ও সংলাপে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বৈশ্বিক পর্যায়ে বাংলাদেশের সম্পৃক্ততা ও অবস্থান সুদৃঢ়করণ | বৈঠক সংখ্যা | ২ | সংখ্যা | ৭ | ১১ | ১২ | ৬ | ১০ | ১১ | ১২ |
| ১৭. জাতীয় স্বার্থ সংরক্ষণে প্রয়োজনীয় কারিগরি নথিপত্র প্রস্তুতকরণ এবং শান্তি, নিরাপত্তা, অর্থনৈতিক | কৌশলগত নথিপত্র, সমঝোতা | ২ | সংখ্যা | ২ | ৪ | ৫ | ২ | ৪ | ৪ | ৪ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| সহযোগিতা, খাদ্য নিরাপত্তা, ডিজিটাল রূপান্তর ও সাইবার নিরাপত্তাবিষয়ক কৌশলগত নেগোসিয়েশন পরিচালনা | | | | | | | | | | |
| ১৮. সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাসমূহে বাংলাদেশের নিয়মিত প্রতিবেদন দাখিল নিশ্চিতকরণ এবং এ লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের মধ্যে কার্যকর সমন্বয় সাধন | প্রতিবেদন সংখ্যা | ২ | সংখ্যা | ১৪ | ১৩ | ১৪ | ১০ | ১১ | ১১ | ১১ |
| ১৯. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, পারস্পরিক অর্থনৈতিক উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন এবং কৌশলগত অংশীদারিত্ব সম্প্রসারণে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারকরণ | সভা/সেমিনার সংখ্যা | ২ | সংখ্যা | ৪ | ৩ | ৪ | ২ | ১১ | ১১ | ১১ |
| ২০. বাংলাদেশের আকাশসীমা ব্যবহার করে উড্ডয়ন/অবতরণের জন্য বিশেষ (চার্টার্ড)-সহ ফ্লাইটসমূহের কূটনৈতিক ছাড়পত্র প্রদান এবং আন্তর্জাতিক যোগাযোগে প্রয়োজনীয় সহায়তা প্রদান | ছাড়পত্রের সংখ্যা | ৪ | সংখ্যা | ১০ | ১১ | ১২ | ৯ | ১১ | ১১ | ১১ |
| ২১. স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ পরবর্তী ও সার্বিক অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক-সহ বিভিন্ন আলোচনা, বৈঠক এবং কর্মশালা আয়োজন/অংশগ্রহণ | কর্মশালা সংখ্যা | ৩ | সংখ্যা | ৮ | ৭ | ৬ | ৫ | ৮ | ৮ | ৮ |
| ২২. [বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে, বৈদেশিক কর্মসংস্থান তৈরিতে, Ease of Doing Business পরিস্থিতির উন্নয়নে এবং শ্রম পরিবেশ উন্নয়নে বাণিজ্য, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান, ও শ্রম-সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং BIDA, BEZA, BEPZA, BHTPA ইত্যাদি সংস্থার সাথে বিভিন্ন কার্যক্রম গ্রহণ | আন্ত সংস্থা সভার সংখ্যা | ৩ | সংখ্যা | ৭ | ৬ | ৭ | ৫ | ৮ | ৮ | ৮ |
| ২৩. বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহকে কূটনৈতিক প্রাধিকার ও সুবিধা প্রদান এবং সফট পাওয়ার | প্রাধিকার সুবিধাপ্রাপ্ত কূটনৈতিক | ৪ | জন | ৪ | ৬ | ৬ | ১০ | ১২ | ১৩ | ১৩ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কূটনীতি ও পারস্পরিক সৌহার্দ্য জোরদারকরণ | | | | | | | | | | |
| ২৪. রাষ্ট্রীয়, বিদেশি ও অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ এবং কূটনীতিবিদদের সম্মানে রাষ্ট্রীয় অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে কূটনৈতিক সৌহার্দ্য ও সম্পর্ক উন্নয়ন | অনুষ্ঠানের সংখ্যা | ৪ | সংখ্যা | ৬ | ৪ | ৫ | ৩ | ৫ | ৫ | ৫ |
| ২৫. শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, গবেষণা ও বিনিময়ধর্মী কার্যক্রমের মাধ্যমে পিপল-টু-পিপল ডিপ্লোম্যাসি, সাংস্কৃতিক সম্পৃক্ততা এবং আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের সফট পাওয়ার সম্প্রসারণ | সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়ামের সংখ্যা | ৪ | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ২ | ৩ | ৩ | ৩ |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১১৮০১০১ - সচিবালয় | ১-১০ | ১০০,৬৫,৮১ | ১২৭,১০,৬০ | ১২১,৬৪,২৫ | ১১৬,১৮,৩১ | ১৩৬,৫৭,৭৭ | ১৪৩,৪০,৬৩ |
| ১১৮০২০১ - দূতাবাসসমূহ | ১-১০ | ৪৫৩,৮৫,৯৫ | ৫৯৬,৬২,০০ | ৫৯৩,৫৮,২৭ | ৬২১,৪৩,৮০ | ৬৬৯,৩২,২৩ | ৭০২,৭৯,৮৯ |
| ১১৮০২০২ - হাইকমিশনসমূহ | ১-১০ | ১৫৫,৯৭,৬১ | ২০৫,৬৫,০০ | ২০২,৩৭,৮২ | ২০৭,২৩,০৭ | ২২১,১৩,১২ | ২৩২,১৮,৭৭ |
| ১১৮০২০৩ - উপ-হাইকমিশনসমূহ | ১-১০ | ৩৫,৯০,৪০ | ৪৫,২৭,০০ | ৪৪,৮৩,৩৫ | ৪৫,৭৮,৮৫ | ৪৯,৫১,৬৪ | ৫১,৯৯,২২ |
| ১১৮০২০৪ - সহকারি হাইকমিশনসমূহ | ১-১০ | ১১,৫১,৯৩ | ১৭,৪৯,০০ | ১৬,২৯,৮০ | ১৭,০৪,২৬ | ১৭,৮৯,৪৭ | ১৮,৭৮,৯৫ |
| ১১৮০২০৫ - কনসুলার অফিসসমূহ | ১-১০ | ১২২,৪৮,৩৮ | ১৪৮,২৭,০০ | ১৫০,০৬,০৭ | ১৬৮,১৮,১৫ | ১৮১,১২,৫৪ | ১৯০,১৮,১৭ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৮৮০,৪০,০৮** | **১১৪০,৪০,৬০** | **১১২৮,৭৯,৫৬** | **১১৭৫,৮৬,৪৪** | **১২৭৫,৫৬,৭৭** | **১৩৩৯,৩৫,৬৩** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | ১-১০ | ০ | ০ | ০ | ১৫,০০ | ১৫,৭৫ | ১৬,৫৩ |
| ১২০০০২২১১ - জাতীয় স্বাধীনতা দিবস | ১-১০ | ৭,৬৫,১০ | ১৫,০০,০০ | ১৩,০০,০০ | ১৫,০০,০০ | ১৫,৭৫,০০ | ১৬,৫৩,৭৫ |
| ১২০০০২২৯৯ - অন্যান্য দিবস | ১-১০ | ১৩,৫৪,৮৭ | ১৩,০০,০০ | ৮,০০,০০ | ১২,০০,০০ | ১২,৬০,০০ | ১৩,২৩,০০ |
| ১২০০০৪২০০ - প্রত্যাবাসন ব্যবস্থাপনা | ১-১০ | ১,১৭,২৮ | ২,০০,০০ | ২,০০,০০ | ২,০০,০০ | ২,১০,০০ | ২,২০,৫০ |
| ১২০০০৪৭০০ - অন্যান্য ডিপ্লোমেটিক ও কনস্যুলার কার্যক্রম | ১-১০ | ২৮৮,৫২,৩৯ | ৩৩৭,৪৮,১০ | ২৯০,৮৮,৬০ | ৩২১,৯৬,১৬ | ২৯৬,৬২,৬৫ | ৩১১,৪৫,৭৯ |
| ১২০০০৪৮০০ - সার্কের অন্যান্য কর্মসূচির জন্য বরাদ্দ | ১-১০ | ০ | ০ | ৫ | ৫ | ৫ | ৫ |
| ১২০০০৪৯০০ - অন্যান্য দেশের জন্য সহায়তা | ১-১০ | ৮৯,৫০ | ৫,০০,০০ | ৩৬,২০,০০ | ৩,০০,০০ | ৩,১৫,০০ | ৩,৩০,৭৫ |
| ১২০০০৬৪০১ - ওআইসি মিটিং ব্যবস্থাপনা | ১-১০ | ০ | ০ | ০ | ১৬,০০,০০ | ১৬,৭৯,৮২ | ১৭,৬৩,৩২ |
| ১২০০১৪২০১ - অর্থনৈতিক কূটনীতি বাস্তবায়ন | ১-১০ | ০ | ২,০০,০০ | ২,০০,০০ | ৫০,০০ | ১,০৫,০০ | ১,১০,২৫ |
| ১২৭০০৪৬০১ - কমনওয়েলথ সেক্রেটারিয়েট | ১-১০ | ০ | ৩,২০,০০ | ৩,২০,০০ | ২,২০,০০ | ২,৩১,০০ | ২,৪২,৫৫ |
| ১২৭০০৫৩০১ - ডি-৮ | ১-১০ | ০ | ৭০,৩০ | ৭০,৩০ | ৭০,৩০ | ৭৩,৮১ | ৭৭,৫০ |
| ১২৭০০৭৬০১ - ভারত মহাসাগরীয় বলয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা | ১-১০ | ২৬,৩৮ | ৩২,০০ | ৩২,০০ | ৩২,০০ | ৩৩,৬০ | ৩৫,২৮ |
| ১২৭০১৩০০১ - ইসলামিক সম্মেলন সংস্থা (ও. আই. সি. | ১-১০ | ০ | ৫,২৫,০০ | ৫,২৫,০০ | ৫,২৫,০০ | ৫,৫১,২৫ | ৫,৭৮,৮১ |
| ১২৭০১৩৮০১ - সার্ক কৃষি তথ্য কেন্দ্র | ১-১০ | ২,৫০,১৯ | ২,৫০,০০ | ১,৭৫,০০ | ২,৫০,০০ | ২,৬২,৫০ | ২,৭৫,৬২ |
| ১২৭০১৩৯০১ - সার্ক উন্নয়ন তহবিল (এস ডি এফ) | ১-১০ | ০ | ০ | ০ | ৫ | ৫ | ৫ |
| ১২৭০১৪২০১ - সার্ক সচিবালয় | ১-১০ | ৪,৩৯,৬৩ | ৪,০০,০০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ৫,২৫,০০ | ৫,৫১,২৫ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২৭০১৬২০১ - জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী | ১-১০ | ৫,৫৭ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০৫,০০ | ১,১০,২৫ |
| ১২৭০১৮১০১ - জাতিসংঘ | ১-১০ | ৩,৭২,০৪ | ৪,৫০,০০ | ৪,৫০,০০ | ৫,৫০,০০ | ৫,৭৭,৫০ | ৬,০৬,৩৮ |
| ১২৭০২০১০১ - দক্ষিণ এশিয়ান বিশ্ববিদ্যালয় | ১-১০ | ১,০০,০০ | ২৪,০০,০০ | ২৩,০০,০০ | ২৪,০০,০০ | ২৫,২০,০০ | ২৬,৪৬,০০ |
| ১২৭০২০৬০১ - এশিয়া ইউরোপ ফাউন্ডেশন (এএসইএফ) | ১-১০ | ১৫,৯২ | ২০,০০ | ২০,০০ | ২০,০০ | ২১,০০ | ২২,০৫ |
| ১২৭০২০৭০১ - দক্ষিণ এশীয় আঞ্চলিক মান সংস্থা | ১-১০ | ২৯,৫৩ | ১,০০,০০ | ৭৫,০০ | ১,০০,০০ | ১,০৫,০০ | ১,১০,২৫ |
| ১২৭০২০৮০১ - বিমসটেক সচিবালয় ও বিমসটেকের কেন্দ্রসমূহ | ১-১০ | ০ | ২,৫০,০০ | ২,৫০,০০ | ২,৫০,০০ | ২,৬২,৫০ | ২,৭৫,৬২ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **৩২৪,১৮,৪০** | **৪২৩,৬৫,৪০** | **৪০০,২৫,৯৫** | **৪২০,৭৮,৫৬** | **৪০০,৯১,৪৮** | **৪২০,৯৫,৫৫** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০৩১০০ - বাংলাদেশ ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব স্ট্রাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) | ১-১০ | ১১,১৩,৯৬ | ১১,৭০,০০ | ১১,৭০,০০ | ১১,৭০,০০ | ১২,২৮,৫০ | ১২,৮৯,৯২ |
| ১৩১০০৭৫০০ - বাংলাদেশ আইন ও আন্তর্জাতিক বিষয়াবলী প্রতিষ্ঠান | ১-১০ | ৮৩,৯০ | ৮৮,০০ | ৮৮,০০ | ৮৮,০০ | ৯২,৪০ | ৯৭,০২ |
| ১৩৫০০১৮০০ - আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ | ১-১০ | ০ | ৫০,০০ | ৫০,০০ | ৫০,০০ | ৫২,৫০ | ৫৫,১২ |
| ১৩৫০০১৯০০ - বাংলাদেশ জাতিসংঘ সমিতি | ১-১০ | ২৭,০০ | ২৭,০০ | ২৭,০০ | ২৭,০০ | ২৮,৩৫ | ২৯,৭৬ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১২,২৪,৮৬** | **১৩,৩৫,০০** | **১৩,৩৫,০০** | **১৩,৩৫,০০** | **১৪,০১,৭৫** | **১৪,৭১,৮২** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১২১৬,৮৩,৩৪** | **১৫৭৭,৪১,০০** | **১৫৪২,৪০,৫১** | **১৬১০,০০,০০** | **১৬৯০,৫০,০০** | **১৭৭৫,০৩,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১১৮ - পররাষ্ট্র মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-১০ | ০ | ৫,২৭,০০ | ০ | ৪৮,৬৭,৪৯ | ১০২,৩০,০০ | ১২৭,৭৬,০০ |
| ২২৪২৬১০০০ - * জার্মানির বার্লিনে বাংলাদেশ চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত। | ১-১০ | ০ | ১০৩,৭১,০০ | ৮০,০০,০০ | ১৭,৬২,৫০ | ০ | ০ |
| ২২৪২৯১৯০০ - *সৌদি আরবের রিয়াদে বাংলাদেশ হাউস (রাষ্ট্রদূত ভবন) নির্মাণ (২য় সংশোধিত) (০১/০৯/২০১৯-৩০/০৬/২০২৬) | ১-১০ | ০ | ৬,৫৯,০০ | ১২,১৫,২০ | ১ | ০ | ০ |
| ২২৪২৯৬৪০০ - সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশ চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) (০১/১০/২০১৯ - ৩১/০৮/২০২৬) | ১-১০ | ০ | ৩,০০,০০ | ২৬,১৫,৮০ | ৪৫,০০,০০ | ৯০,০০,০০ | ৯০,০০,০০ |
| ২২৪৩৪৪০০০ - অস্ট্রেলিয়ার ক্যানবেরায় বাংলাদেশ চ্যান্সারি ভবন নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৭/২০২১ - ৩০/০৬/২০২৮) | | ০ | ৩,০০,০০ | ১০৩,২৫,৪১ | ১২০,১২,০০ | ৪০,০০,০০ | ২০,০০,০০ |
| ২২৪৪০০৮০০ - মিশরের কায়রোতে বাংলাদেশ চ্যান্সারি কমপ্লেক্স এবং আবাসিক ভবন নির্মাণ (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৮) | ১-১০ | ০ | ৫,০২,০০ | ১,০০ | ৩,০১,০০ | ১৩,৮৫,০০ | ২০,৭০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **১২৬,৫৯,০০** | **২২১,৫৭,৪১** | **২৩৪,৪৩,০০** | **২৪৬,১৫,০০** | **২৫৮,৪৬,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **১২৬,৫৯,০০** | **২২১,৫৭,৪১** | **২৩৪,৪৩,০০** | **২৪৬,১৫,০০** | **২৫৮,৪৬,০০** |
| মোট : | | **১২১৬,৮৩,৩৪** | **১৭০৪,০০,০০** | **১৭৬৩,৯৭,৯২** | **১৮৪৪,৪৩,০০** | **১৯৩৬,৬৫,০০** | **২০৩৩,৪৯,০০** |

## ৬.২ ফরেন সার্ভিস একাডেমি

**৬.২.১ সাম্প্রতিক অর্জনঃ** ফরেন সার্ভিস একাডেমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সাথে যৌথভাবে আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনীতি বিষয়ক প্রফেশনাল মাস্টার্স কোর্স চালু করেছে। ২০২৫ সালে ৩১ তম বিশেষায়িত কূটনৈতিক প্রশিক্ষণ কোর্স ও ৩য় প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামে ২৩ জন পররাষ্ট্র ক্যাডারভুক্ত শিক্ষানবিশ কর্মকর্তা এবং ৩টি দেশের (কেনিয়া, গাম্বিয়া, নাইজেরিয়া) ৫ জন বিদেশি কূটনীতিক অংশগ্রহণ করেছেন। পাশাপাশি গত নভেম্বর-ডিসেম্বর'২৫ মাসে ASEAN ভুক্ত দেশসমূহের ০৭ জন বিদেশি কূটনীতিকবৃন্দ ও ০১ জন বাংলাদেশি কূটনীতিকের অংশগ্রহণে ১২ দিনব্যাপী একটি শর্ট ডিপ্লোম্যাটিক কোর্সের আয়োজন করা হয়। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সরকারি সংস্থা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর জন্য প্রশিক্ষণ আয়োজন, বিদেশি কূটনীতিকদের জন্য বাংলা ভাষা শিক্ষা ও বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের শ্রম, বাণিজ্য, অর্থনীতি, পাসপোর্ট ও ভিসা ইত্যাদি অনুবিভাগে নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ইন্টার্নশিপ এবং বিভিন্ন কর্মশালা ও সেমিনার আয়োজন করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দেশীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণার্থীদের জন্য আন্তর্জাতিক সম্পর্ক ও আধুনিক কূটনীতি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা | প্রশিক্ষিত প্রবেশনার কর্মকর্তা | ১ | সংখ্যা (জন) | ১৬ | ৩২ | ২৫ | ২৮ | ৩২ | ২৩ | ২৫ |
| ২. কূটনৈতিক দক্ষতা বৃদ্ধিকল্পে বিদেশি ভাষা শিক্ষা, প্রাতিষ্ঠানিক হিসাব ব্যবস্থাপনা এবং তথ্যপ্রযুক্তি সংক্রান্ত মৌলিক কারিগরি প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ। | প্রশিক্ষিত প্রবেশনার কর্মকর্তা | ১ | সংখ্যা | ১৮ | ১৯ | ২০ | ২৮ | ৩৫ | ৩৭ | ৪০ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৩ মেরিটাইম এফেয়ার্স ইউনিট

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ ২০২৪ সালে 'Treaty on the Conservation and Sustainable Use of Marine Biological Diversity of Areas Beyond National Jurisdiction (BBNJ)'-এ অনুসমর্থনের (Ratification) মাধ্যমে আনুষ্ঠানিকভাবে চুক্তিস্বাক্ষরকারী রাষ্ট্র হিসেবে বাংলাদেশ আন্তর্জাতিক অঞ্চলে সামুদ্রিক জীববৈচিত্র্য সংরক্ষণ, ন্যায্য সুবিধা বণ্টন, গবেষণা ও সক্ষমতা উন্নয়ন এবং বৈশ্বিক সমুদ্রশাসনে সক্রিয় অংশগ্রহণের সুযোগ পাবে। এছাড়াও, বিগত জুন ২০২৫-এ বাংলাদেশ তৃতীয় United Nations Ocean Conference-এ Marine Protected Area (MPA) সম্প্রসারণ ও BBNJ বাস্তবায়ন প্রস্তুতি সংক্রান্ত দুইটি স্বেচ্ছা অঙ্গীকার (voluntary commitment) ঘোষণা করে। অধিকন্তু, উক্ত কনফারেন্সে বাংলাদেশ International Seabed Authority (ISA) Deep Sea Biobank Initiative-এ অংশগ্রহণের মাধ্যমে মেরিন জেনেটিক রিসোর্সেস সংক্রান্ত তথ্যে সকলের ন্যায্য প্রবেশাধিকার, মানসম্মত নমুনা সংগ্রহ এবং সক্ষমতা উন্নয়নে সমর্থন জানিয়েছে। উল্লেখ্য, গভীর সমুদ্রে খনিজ সম্পদ অনুসন্ধান ও আহরণ বিষয়ে সম্ভাব্য Sponsoring State হিসেবে বাংলাদেশ ISA ও United Nations Convention on the Law of the Sea (UNCLOS)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ জাতীয় কাঠামো প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে কাজ করছে।

## ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ আহরণ, সংরক্ষণ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | সভা, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচি | ৩ | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ |

## ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৪ রাষ্ট্রীয় অতিথি ভবন

**৬.৪.১ সাম্প্রতিক অর্জনঃ** রাষ্ট্রীয় অতিথি ভবনসমূহ (পদ্মা-মেঘনা, যমুনা এবং সুগন্ধা) পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। রাষ্ট্রাচার অনুবিভাগ রাষ্ট্রীয় অতিথি ভবনসমূহের প্রশাসনিক কাজসমূহ পরিচালনা করে থাকে| রাষ্ট্রীয় অতিথি ভবনসমূহে নিয়মিত বিদেশি রাষ্ট্রীয় উচ্চ-পর্যায়ের সফররত প্রতিনিধিদলের সাথে এবং বিদেশি দুতাবাসসমূহের সমন্বয়ে বৈঠক, মধ্যাহ্নভোজ, নৈশভোজ ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দ্বিপাক্ষিক সংলাপ ও উচ্চ-পর্যায়ের ফোরামসমূহ আয়োজন এবং সেগুলোতে গঠনমূলক ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ। | আয়োজিত সভা/ বৈঠক/সংলাপ | ১ | সংখ্যা | ১৫ | ১৫ | ১৫ | ১৫ | ১৬ | ১৭ | ১৭ |

## ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |